

# প্রাচীন কলকাতার ছবি



অতি সম্প্রতি আমার এক বন্ধু আমাকে বেশ কিছু ছবি পাঠালো ই-মেল করে। পুরোনো দিনের কলকাতার। সেই আমলের কলকাতার ছবি যখন ক্যামেরা আবিষ্কার হয়নি।

ছবিগুলো দেখে আগ্রহ জাগলো কলকাতার পুরোনো দিনের ছবিগুলো নিয়ে। পড়ে ফেললাম পূর্ণেন্দু পত্রী-র তুলি কালির কলকাতা। এরপর ইন্টারনেট ও আরও বইপত্র ...। জানতে পারলাম কোম্পানি পেন্টিং-এর কথা। জানতে পারলাম কলকাতা নিয়ে কাজ



সেন্ট পিটার্স চার্চ

করা বেশ কিছু শিল্পীর কথা। এদেশীয়দের মধ্যে যেমন শেখ মুহম্মদ আমির বা শেখ জৈনুদ্দীন, তেমনি বিদেশীদের মধ্যে টিলি কেটল, স্যার চার্লস ডয়লি বা টমাস হিকি।



রাইটার্স বিল্ডিং

সেই ক্যামেরাহীন যুগে যদি এই শিল্পীরা তাদের তুলিতে কলকাতাকে না ধরতেন, তবে কেমন করে আমাদের চোখের সামনে ভেসে উঠতো সেন্ট পিটার্স চার্চ, ফোর্ট উইলিয়াম (উইলিয়ামপ্রিন্সেপ-এর আঁকা) বা

১৮২৬-এ রাইটার্স বিল্ডিং (জেমস বেইলি ফ্রেসারের আঁকা)।

বর্তমানেও কলকাতাকে আঁকার মাধ্যমে ধরে রাখছেন বেশ কিছু শিল্পী। রথীন মিত্র, সমীর বিশ্বাস বা ঈশা মহম্মদ তাঁদের অন্যতম। বিকাশ ভট্টাচার্য-ও তাঁর ছবিতে কলকাতার কিছু খণ্ডচিত্র তুলে ধরেছেন।

বর্তমানকে তো ভবিষ্যতের জন্য ধরে রাখা ছবিতে। কিন্তু অতীতের কলকাতা? সেই ছবিগুলোর বেশকিছু এখনো পাওয়া যায় ভিক্টোরিয়া মেমোরিয়ালের আর্ট গ্যালারিতে।

আগ্রহীরা দেখে আসতে পারেন।

